২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
চট্টগ্রাম রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম-৪২২৩
(www.bepza.gov.bd)

সূত্র নং-০৩.৩২২.০১৮.০১.০০.৫০৫.২০১৫- ১২৯০

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ / জানুয়ারি ০৮ ২০২৬

**নিলাম বিজ্ঞপ্তি**

চট্টগ্রাম ইপিজেডের গুদামে রক্ষিত পুরাতন ব্যবহার অযোগ্য ও অকেজো অবস্থায় থাকা বিভিন্ন স্ক্র্যাপ (Scrap) মালামাল যেখানে যে অবস্থায় আছে (As and where basis) ভিত্তিতে নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে আগ্রহী ক্রেতা/ক্রয়কারী প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্ত ও নিয়মাবলীঃ

(ক) সকল ক্রয়কারী, ব্যবসায়ী এবং সর্বসাধারণ প্রচলিত বিধি মোতাবেক এই নিলামে অংশ নিতে পারবেন।

(খ) দরপত্র দলিল ২,০০০.০০ (দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য) প্রদান পূর্বক চট্টগ্রাম ইপিজেড ও কর্ণফুলী ইপিজেডের হিসাব শাখা হতে অফিস চলাকালীন আগামী ১৩/০১/২০২৬ তারিখ হতে ০১/০২/২০২৬ তারিখ পর্যন্ত যে কোন কার্যদিবসে ক্রয় করা যাবে। উল্লেখিত তারিখের পর কোন নিলাম সিডিউল বিক্রয় করা হবে না।

(গ) আগ্রহী সিডিউল ক্রয়কারী ক্রেতাগণ ০১/০২/২০২৬ তারিখ পর্যন্ত যে কোন কার্যদিবসে অথবা জোন অফিস কর্তৃক নির্ধারিত কার্যদিবসে অফিস চলাকালীন সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৩.০০ ঘটিকার মধ্যে চট্টগ্রাম ইপিজেডের কেন্দ্রীয় গুদামে এবং বাইরে যেখানে যে অবস্থায় আছে সংরক্ষিত ব্যবহার অযোগ্য মালামাল সরজমিন দেখতে পারবেন।

(ঘ) বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের অনুকূলে যে কোন সিডিউলের বিপরীতে ব্যাংক হতে উদ্ধৃত মূল্যের ২৫% সমপরিমাণ অর্থ জামানত হিসেবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। জামানত ব্যতীত নিলাম দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঙ) কর্তৃপক্ষ কর্তৃক আদেশ জারির ১৫ দিনের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের উদ্ধৃত মূল্যের সমপরিমাণ অর্থ এবং সরকারি বিধি মোতাবেক ভাট, ট্যাক্স বেপজার অনুকূলে পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে পরিশোধ করতে হবে। অতঃপর সর্বোচ্চ দরদাতা ক্রেতা, কর্তৃপক্ষের প্রচলিত নিয়ম অনুযায়ী সংরক্ষিত পুরাতন অকেজো মালামাল ডেলিভারি কমিটির তত্ত্বাবধানে গ্রহণ করবেন।

(চ) চট্টগ্রাম ইপিজেডের বেপজা জোন অফিস ভবনে অতিরিক্ত নির্বাহী পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে সীলমোহরকৃত খামে ০২/০২/২০২৬ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে দরপত্র জমা দেয়া যাবে। দাখিলকৃত দরপত্রসমূহ সংশিষ্ট বিষয়ে গঠিত কমিটি কর্তৃক অতিরিক্ত নির্বাহী পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম ইপিজেড এর অফিস কক্ষে ০২/০২/২০২৬ তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

(ছ) কোনরুপ কারণ প্রদর্শন ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় যে কোন/ সকল নিলাম দরপত্র/প্রস্তাব গ্রহণ কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

08.01.26


মোহাম্মদ কামারুজ্জামান
অতিরিক্ত নির্বাহী পরিচালক (প্রশাসন)
☏ ০২৩৩৩৩৪১৪৩৩
e-mail: adm.cepz@bepza.gov.bd


অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)

১। নির্বাহী পরিচালক(এমআইএস), বেপজা, ঢাকা(বেপজার ওয়েবসাইটে নিলাম বিজ্ঞপ্তিটি ১৩/০১/২০২৬ তারিখ বা তার পূর্বে প্রকাশের অনুরোধসহ)
২। নির্বাহী পরিচালক(জনসংযোগ), বেপজা, ঢাকা(১টি জাতীয় ও ২টি স্থানীয় পত্রিকায় ১৩/০১/২০২৬ তারিখ বা তার পূর্বে প্রকাশের জন্য ০৮(আট) সেট নিলাম বিজ্ঞপ্তি প্রেরণ করা হলো।
৩। সকল শাখা প্রধান, চট্টগ্রাম ইপিজেড।
৪। সহকারী সমন্বয় কর্মকর্তার মাধ্যমে নির্বাহী পরিচালক(প্রশাসন), বেপজা, ঢাকা।
৫। সহকারী সমন্বয় কর্মকর্তার মাধ্যমে নির্বাহী পরিচালক, চট্টগ্রাম ইপিজেড।
৬। সহকারী সমন্বয় কর্মকর্তার মাধ্যমে নির্বাহী পরিচালক, কর্ণফুলী ইপিজেড।
৭। ষ্টোরকিপার, চট্টগ্রাম ইপিজেড।
৮। নোটিশ বোর্ড, চট্টগ্রাম ইপিজেড।
৯। নথি/মহানথি।